# ডেঙ্গু নিয়ন্ত্রণে সামাজিক আন্দোলনের প্রয়োজন: সড়ক প্রতিমন্ত্রী




সড়ক প্রতিমন্ত্রী হাবিবুর রহমান। ছবি: সংগৃহীত

রাজধানীতে ডেঙ্গু পরিস্থিতি নিয়ন্ত্রণে নাগরিক সচেতনতা বৃদ্ধি এবং মশার প্রজননস্থল ধ্বংসে মাসব্যাপী কর্মসূচি শুরু হয়েছে। এ উদ্যোগের মাধ্যমে স্থানীয় পর্যায়ে পরিচ্ছন্নতা কার্যক্রম জোরদার ও জনগণকে সম্পৃক্ত করার ওপর গুরুত্ব দেওয়া হচ্ছে।

শনিবার (১১ জুলাই) সকালে খিলগাঁওয়ের দক্ষিণ গোড়ান এলাকায় আয়োজিত এক অনুষ্ঠানে কর্মসূচির সূচনা করেন ঢাকা-৯ আসনের সংসদ সদস্য ও সড়ক পরিবহন এবং রেলপথ প্রতিমন্ত্রী হাবিবুর রশিদ হাবিব।

অনুষ্ঠানে তিনি বলেন, ডেঙ্গুর বিস্তার রোধে প্রশাসনিক পদক্ষেপের পাশাপাশি নাগরিকদেরও দায়িত্বশীল ভূমিকা পালন করতে হবে। বাড়ির ছাদ, বারান্দা, আঙিনা কিংবা আশপাশে জমে থাকা পানি নিয়মিত অপসারণের মাধ্যমে মশার বংশবিস্তার অনেকাংশে কমানো সম্ভব।

তিনি আরও বলেন, ডেঙ্গু প্রতিরোধকে কেবল স্বাস্থ্যগত চ্যালেঞ্জ হিসেবে দেখলে চলবে না; এটিকে জনসচেতনতা ও সামাজিক অংশগ্রহণভিত্তিক উদ্যোগে পরিণত করতে হবে।

পরে স্থানীয় বাসিন্দা, স্বেচ্ছাসেবক ও বিভিন্ন সংগঠনের অংশগ্রহণে একটি সচেতনতামূলক শোভাযাত্রা এলাকার বিভিন্ন সড়ক প্রদক্ষিণ করে। এ সময় ডেঙ্গু প্রতিরোধে করণীয় বিষয়ে সাধারণ মানুষের মধ্যে তথ্যপত্র বিতরণ করা হয়।

আয়োজকদের আশা, এমন কর্মসূচির মাধ্যমে স্থানীয় পর্যায়ে সচেতনতা বৃদ্ধি পাবে এবং ডেঙ্গু প্রতিরোধে জনগণের অংশগ্রহণ আরও বাড়বে।

LENS ASIA